

## চট্টগ্রামে ৪টি কলেজে ছাত্রদলের হানা ॥ সংঘর্ষের আশংকা

চট্টগ্রাম অফিস ॥ ছাত্রশিবির এবং ছাত্রলীগের দুর্গে ছাত্রদলের হঠাৎ হানায় চট্টগ্রামের ছাত্র রাজনীতিতে নতুন মোড় নিচ্ছে। উদ্ভূত পরিস্থিতিতে ছাত্র সংগঠনগুলোর মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষের আশংকা করা হচ্ছে। দীর্ঘ এক দশকেরও অধিক সময় ধরে আধিপত্য ও দখলদারিত্ব 'বজায়' রেখে ছাত্রশিবির ও ছাত্রলীগ নগরীর ৪টি গুরুত্বপূর্ণ ও ঐতিহ্যবাহী সরকারী কলেজে তাদের রাজনীতির মূল কেন্দ্রবিন্দুতে পরিণত করে আসছে। সরকারী ছাত্র সংগঠন ছাত্রদলের কেন্দ্রীয় সংসদের সভাপতি ও সাধারণ সম্পাদকসহ শীর্ষ কয়েক নেতাসহ স্থানীয় নেতৃবৃন্দের আকস্মিকভাবে চারটি কলেজে উপস্থিতি এবং কমিটি গঠন ও সম্মেলনের ঘোষণা নগরীতে (২য় পৃঃ ২-এর কঃ প্রঃ)

## চট্টগ্রামে ৪টি কলেজে (১ম পৃঃ পর)

ছাত্রলীগ ও ছাত্রশিবিরকে হতচক্রিত করেছে। এ কলেজগুলোতে এক দশকেরও অধিক সময় ধরে ছাত্রদলের কোন রাজনৈতিক কর্মকাণ্ড নেই। হঠাৎ করে ছাত্রদল নেতাদের আগমন ও সাংগঠনিক কার্যক্রমের ঘোষণায় সবাইকে নতুন করে ডাকিয়ে তুলেছে। নগরীতে ছাত্রদলের সাংগঠনিক অবস্থা অন্যান্য ছাত্র সংগঠনের ন্যায় সুদৃঢ় নয়। এমতাবস্থায় সুরক্ষিত ৪টি কলেজে তাদের কার্যক্রম শুরু করলে সম্ভব হবে তা দেখার বিষয়।